# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জ্ঞান ও ইলম চাইতে

১।

اللَّهُمَّ فَقِّهْنِي فِي الدِّينِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ফাক্কিহনী ফিদ্দীন।

অর্থঃ হে আল্লাহ! আমাকে দ্বীনের জ্ঞান দান কর। (বুঃ ১৪৪ মুঃ ৪/১৭৯৭)।

২।

اللَّهُمَّ انْفَعْنِي بِمَا عَلَّمْتَنِي، وَعَلِّمْنِي مَا يَنْفَعُنِي، وَزِدْنِي عِلْمًا

উচ্চারণঃ আল্লা-হুম্মানফা’নী বিমা আল্লামতানী অ আল্লিমনী মা য়্যানফাউনী অযিদনী ইলমা।

অর্থঃ হে আল্লাহ! যা কিছু আমাকে শিখিয়েছ, তার দ্বারা আমাকে উপকৃত কর এবং আমাকে সেই জ্ঞান দান কর, যা আমাকে উপকৃত করবে। আর আমার ইর্ম আরো বৃদ্ধি কর। (সঃ ইঃ মাজাহ ১/৪৭)

৩।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا، وَأَعُوذُ بِكَ مِنْ عِلْمٍ لاَ يَنْفَعُ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা ইলমান না-ফিআ, অ আউযু বিকা মিন ইলমি লা য়্যানফা।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট উপকারী শিক্ষা প্রার্থনা করছি এবং যে শিক্ষা কোন উপকারে আসে না, সে শিক্ষা থেকে পানাহ চাচ্ছি। (সঃ ইঃ মাজাহ ২/৩২৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11860

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন